

# হে আমার প্রভু প্রতিপালক

[পরম করুনাময় আল্লাহ্‌র ক্ষমা ও
আশিস যাচনা করে কতিপয় দোয়া]

প্রকাশনায় :

**মজলিস আনসারুল্লাহ্‌, বাংলাদেশ**

(চল্লিশোর্ধ বয়সের আহমদী পুরুষদের সংগঠন)

"দোয়া" অর্থ আহ্বান করা বা ডাকা। আল্লাহ্ তা'লা পবিত্র কুরআনে বলেছেন, "উদউনি আস্তাজিব লাকুম" তোমারা আমাকে ডাকো, আমি তোমাদের ডাকে সাড়া দিবো। দোয়া অসাধ্য সাধন করতে পারে। হযরত ইমাম মাহদী (আ.) বলেছেন, "দোয়া-ই আমাদের একমাত্র অস্ত্র"। অতএব, আমরা যদি আল্লাহ্‌কে সর্বশক্তিমান মনে করে মনপ্রাণ দিয়ে ডাকি, তাহলে আমাদের বিশ্বাস– তিনি আমাদের ডাকে সাড়া দিবেন।

এখানে আমরা আমাদের জীবনের নানা প্রয়োজন তথা পার্থিব ও আখেরাতের কল্যাণ ও আল্লাহ্ রাহমানুর রাহিমের ক্ষমা যাচনা করে কতগুলি দোয়া সংকলিত করেছি। পকেট সাইজ হওয়ার কারণে এটি সর্বদা আমরা আমাদের সাথে বহন করতে এবং সর্বাবস্থায় পরম করুণাময় আল্লাহ্‌কে স্মরণ করতে পারবো।

ইতঃপূর্বে প্রকাশিত দোয়ার দুটি পকেট বইয়ের সংকলনকে একত্রিত করে এখানে ৮০টি দোয়া সংযোজিত করা হয়েছে। আল্লাহ্ রাব্বুল আলামীন আমাদের এই প্রচেষ্টাকে কবুল করুন, আমীন।

## দেশ ও দশের জন্য দোয়া

১

رَبِّ اجْعَلْ هٰذَا بَلَدًا
اٰمِنًا وَّارْزُقْ اَهْلَهٗ مِنَ الثَّمَرٰتِ مَنْ
اٰمَنَ مِنْهُمْ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ

[রাব্বিজ্‌আ’ল হাযা বালাদান আমিনাও
ওয়ারযুক্ব আহ্‌লাহু মিনাস্‌ সামারাতে মান আমানা
মিনহুম বিল্লাহি ওয়াল ইয়াওমিল আখির]

**হে আমার প্রভু!**
**একে নিরাপদ শহর কর এবং**
**এর বাসিন্দাদের মাঝে যারা আল্লাহ্‌**
**এবং পরকালে ঈমান রাখবে তাদের**
**ফল-ফলাদির রিযিক দান কর।**

[সূরা আল্‌ বাকারা, ২:১২৭]

## ২ নেককর্ম গৃহীত হওয়ার জন্য দোয়া

হযরত ইবরাহীম (আ.) ও ইসমাঈল (আ.)-এর দোয়া

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا ۖ
إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ

[রাব্বানা তাকাব্বাল মিন্না ইন্নাকা
আনতাস্ সামিউল আলীম]

**হে আমাদের প্রভু!**
**আমাদের পক্ষ থেকে (এ সেবা) গ্রহণ কর।**
**নিশ্চয় তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।**

[সূরা আল্ বাকারা, ২:১২৮]

# পথ-প্রদর্শনের জন্য দোয়া

৩

হযরত ইবরাহীম (আ.) ও ইসমাঈল (আ.)-এর দোয়া

رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَآ
أُمَّةً مُّسْلِمَةً لَّكَ ۖ وَأَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ
عَلَيْنَآ ۖ إِنَّكَ أَنتَ التَّوَّابُ الرَّحِيمُ

[রাব্বানা ওয়াজআলনা মুসলিমাইনে লাকা
ওয়ামিন যুররিইয়াতিনা উম্মাতাম্ মুসলিমাতাল্লাকা
ওয়া আরিনা মানাসেকানা ওয়া তুব আলাইনা
ইন্নকা আন্তত্ তাওয়াবুর রাহীম]

**হে আমাদের প্রভু! তুমি আমাদের উভয়কে তোমার কাছে আত্মসমর্পণকারী বানাও এবং আমাদের বংশধরদের মাঝেও তোমার কাছে আত্মসমর্পণকারী একটি উম্মত (সৃষ্টি করো)। আর তুমি আমাদেরকে আমাদের ইবাদতের পদ্ধতি দেখাও আর আমাদের প্রতি কৃপাদৃষ্টি দাও। নিশ্চয়ই তুমি বড়ই তওবা গ্রহণকারী, বারবার কৃপাকারী।**

[সূরা আল্ বাকারা, ২:১২৯]

## ৪ উভয় জগতে কল্যাণলাভের দোয়া

رَبَّنَآ اٰتِنَا فِى الدُّنْيَا حَسَنَةً وَّ فِى الْاٰخِرَةِ
حَسَنَةً وَّ قِنَا عَذَابَ النَّارِ

[রাব্বানা আতিনা ফিদ্দুন্ইয়া হাসানাতাওঁ
ওয়াফিল আখিরাতে হাসানাতাওঁ
ওয়াক্বিনা আযাবান্নার]

**হে আমাদের প্রভু!
আমাদের ইহকালেও কল্যাণের ভাগী কর
এবং পরকালেও কল্যাণ দান কর।
আর আগুনের শাস্তি থেকে
আমাদের রক্ষা কর।**

[সূরা আল্ বাকারা, ২:২০২]

# অবিশ্বাসীদের বিরুদ্ধে সাহায্য ও ঈমানের দৃঢ়তা লাভের দোয়া

৫

رَبَّنَآ اَفۡرِغۡ عَلَيۡنَا صَبۡرًا وَّ ثَبِّتۡ
اَقۡدَامَنَا وَانۡصُرۡنَا عَلَى الۡقَوۡمِ الۡكٰفِرِيۡنَ

[রাব্বানা আফরিগ্ আলাইনা সাবরাওঁ ওয়া সাব্বিত্ আক্বদামানা ওয়ান্সুরনা আলাল ক্বাওমিল কাফেরীন]

**হে আমাদের প্রভু!**
**তুমি আমাদেরকে পর্যাপ্ত ধৈর্য দান কর এবং আমাদের অবস্থানকে দৃঢ়প্রতিষ্ঠিত রাখ এবং কাফির (অবিশ্বাসী) লোকদের বিরুদ্ধে আমাদের সাহায্য কর।**

[সূরা আল্ বাকারা, ২:২৫১]

৬

## ক্ষমালাভের দোয়া

غُفْرَانَكَ رَبَّنَا وَ اِلَيْكَ الْمَصِيْرُ

[গুফরানাকা রাব্বানা
ওয়া ইলাইকাল মাসীর]

**তোমারই নিকট ক্ষমা প্রার্থনা করি,**
**হে আমাদের প্রভু!**
**আর তোমারই নিকট (সবার)**
**প্রত্যাবর্তন অবধারিত।**

[সূরা আল্ বাকারা, ২:২৮৬]

## সঠিক পথ লাভের পর পথভ্রষ্ট না হওয়ার জন্য দোয়া

৭

رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا
وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ۚ
إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ

[রাব্বানা লা তুযিগ্ ক্বুলুবানা বা'দা ইয্ হাদাইতানা
ওয়া হাবলানা মিল্লাদুন্কা রাহমাহ্,
ইন্নাকা আনতাল্ ওয়াহ্হাব]

**হে আমাদের প্রভু! তুমি আমাদের সঠিক পথ প্রদর্শন করার পর আমাদের হৃদয়কে বক্র হতে দিও না। আর তোমার নিকট থেকে আমাদের প্রভূত কল্যাণ দান কর। নিশ্চয় তুমিই মহান দাতা।**

[সূরা আলে ইমরান, ৩:৯]

## ৮ ঈমানের ঘোষণা ও ক্ষমালাভের দোয়া

رَبَّنَآ اِنَّنَآ اٰمَنَّا فَاغْفِرْ لَنَا
ذُنُوْبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ

[রাব্বানা ইন্নানা আমান্না ফাগফির্‌লানা যুনুবানা
ওয়াক্বিনা আ'যাবান্নার]

**হে আমাদের প্রভু! নিশ্চয় আমরা ঈমান এনেছি। অতএব তুমি আমাদের পাপসমূহ আমাদের জন্য ক্ষমা কর এবং আগুনের শাস্তি থেকে আমাদের রক্ষা কর।**

[সূরা আলে ইমরান, ৩:১৭]

## সন্তান উৎসর্গ করার মানত ও নযর মানার দোয়া

৯

رَبِّ اِنِّیْ نَذَرْتُ لَكَ مَا فِیْ بَطْنِیْ مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّیْ ۚ اِنَّكَ اَنْتَ السَّمِیْعُ الْعَلِیْمُ

[রাব্বি ইন্নী নাযারতু লাকা মা ফী বাতনী মুহাররারান ফাতাকাব্বাল মিন্নী ইন্নাকা আনতাছ ছামীউল আলীম ।]

**হে আমার প্রভু-প্রতিপালক! আমার গর্ভে যা আছে তা আমি (সংসার) মুক্ত করে তোমার (ধর্মের সেবার) জন্যে উৎসর্গ করলাম। সুতরাং তুমি আমার নিকট থেকে এটা গ্রহণ কর। নিশ্চয়ই তুমিই সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।**

[সূরা আলে ইমরান, ৩:৩৬]

১০

## পুণ্যবান ও সৎ সাধ সন্তানের জন্য দোয়া

رَبِّ هَبۡ لِيۡ مِنۡ لَّدُنۡكَ ذُرِّيَّةً
طَيِّبَةً ۚ اِنَّكَ سَمِيۡعُ الدُّعَآءِ

[রাব্বি হাবলী মিল্লাদুন্‌কা যুররিইয়াতান
তাইয়িবাতান ইন্নাকা ছামীউদ্দুআয়ে ।]

**হে আমার প্রভু-প্রতিপালক!**
**তুমি তোমার পক্ষ থেকে আমাকে পবিত্র**
**সন্তান-সন্ততি দান কর ।**
**নিশ্চয় তুমি অধিক দোয়া গ্রহণকারী ।**

[সূরা আলে ইমরান, ৩:৩৯]

## ঈমানের স্বীকারোক্তি ও খোদা তা'লার নৈকট্যলাভের দোয়া

১১

رَبَّنَآ اٰمَنَّا بِمَآ اَنْزَلْتَ وَاتَّبَعْنَا الرَّسُوْلَ فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ

[রাব্বানা আমান্না বিমা আনযালতা ওয়াত্তাবা'নার্‌রাসূলা ফাক্‌তুব্‌না মাআ'শ্‌শাহেদীন]

**হে আমাদের প্রভু!**
**তুমি যা অবতীর্ণ করেছ আমরা এর প্রতি ঈমান এনেছি এবং এ রসূলের অনুসরণ করেছি। সুতরাং তুমি আমাদের সাক্ষীদাতাদের অন্তর্ভুক্ত করে নাও।**

[সূরা আলে ইমরান, ৩:৫৪]

## (১২) ক্ষমা ও ঈমানে দৃঢ়তা লাভের দোয়া

رَبَّنَا اغْفِرْلَنَا ذُنُوْبَنَا وَ اِسْرَافَنَا
فِيْٓ اَمْرِنَا وَثَبِّتْ اَقْدَامَنَا وَ انْصُرْنَا
عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ

[রাব্বানাগ্ ফিরলানা যুনুবানা ওয়া ইসরাফানা ফী আমরিনা ওয়া সাব্বিত্ আক্বদামানা ওয়ান্সুরনা আ'লাল ক্বাওমিল কাফিরীন]

**হে আমাদের প্রভু! আমাদের পাপসমূহ এবং আমাদের কাজের বাড়াবাড়ি ক্ষমা কর। আর আমাদের অবস্থানকে সুদৃঢ় কর (অর্থাৎ আমাদের বিশ্বাসে অটল-অনড় রাখ) এবং অস্বীকারকারী লোকদের বিরুদ্ধে আমাদের সাহায্য কর।**

[সূরা আলে ইমরান, ৩:১৪৮]

## জাহান্নাম থেকে রক্ষা পাবার দোয়া ১৩

رَبَّنَا مَا خَلَقْتَ هٰذَا بَاطِلًا ۚ سُبْحٰنَكَ فَقِنَا
عَذَابَ النَّارِ - رَبَّنَآ اِنَّكَ مَنْ تُدْخِلِ النَّارَ
فَقَدْ اَخْزَيْتَهٗ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ

[রাব্বানা মা খালাক্‌তা হাযা বাতিলা, সুবহানাকা ফাক্বিনা আযাবান্নার। রাব্বানা ইন্নাকা মান তুদখিলিন্নারা ফাক্বাদ আ'খযায়তাহু। ওয়ামা লিয়যোলিমীনা মিন আনসার।]

**হে আমার প্রভু! তুমি এসব (তথা বিশ্বজগৎ)-কে বৃথা সৃষ্টি কর নি। তুমি পবিত্র। সুতরাং তুমি আগুনের শাস্তি থেকে আমাদের রক্ষা কর। হে আমাদের প্রভু! তুমি যাকে আগুনে প্রবিষ্ট কর তুমি তাকে নির্ঘাত লাঞ্ছিত করেছ। প্রকৃতপক্ষে অত্যাচারীদের কোন সাহায্যকারী নেই।**

[সূরা আলে ইমরান, ৩:১৯২-১৯৩]

## ১৪ ঈমানের ঘোষণা ও ক্ষমা লাভের দোয়া

رَبَّنَآ اِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُّنَادِىْ لِلْاِيْمَانِ
اَنْ اٰمِنُوْا بِرَبِّكُمْ فَاٰمَنَّا ۚ رَبَّنَا فَاغْفِرْ لَنَا
ذُنُوْبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّاٰتِنَا وَتَوَفَّنَا مَعَ الْاَبْرَارِ

[রাব্বানা ইন্নানা সামে'না মুনাদিয়াইঁ ইয়ুনাদি লিল্ ঈমানে আনআমিনু বিরাব্বিকুম ফাআমান্না। রাব্বানা ফাগফির্লানা যুনূবানা ওয়াকাফ্ফির 'আন্না সাইয়্যেআতেনা ওয়া তাওয়াফ্ফানা মা'আল আবরার্।]

**হে আমাদের প্রভু! নিশ্চয়ই আমরা এক আহ্বানকারীকে ঈমানের দিকে (এই বলে) আহ্বান জানাতে শুনেছি যে, 'তোমরা তোমাদের প্রভুর প্রতি ঈমান আন'। তাই আমরা ঈমান এনেছি। অতএব হে আমাদের প্রভু! তুমি আমাদের সকল পাপ ক্ষমা কর, আমাদের দোষত্রুটি আমাদের কাছ থেকে দূর করে দাও এবং পুণ্যবানদের অন্তর্ভুক্ত করে আমাদের মৃত্যু দিও।**

[সূরা আলে ইমরান, ৩:১৯৪]

## অত্যাচারী জনপদবাসী থেকে রক্ষার দোয়া

১৫

رَبَّنَآ اَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ
الظَّالِمِ اَهْلُهَا ۚ وَاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ
وَلِيًّا ۚۙ وَّاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ نَصِيْرًا

[রাব্বানা আখরিজনা মিন হাযি হিল কারইয়াতিজ্জালিমি আহলুহা ওয়াজ আল্লানা মিল্লাদুনকা ওয়ালিইইয়াও ওয়াজ আল্লানা মিল্লাদুনকা নাসীরা ।]

**হে আমাদের প্রভু-প্রতিপালক! তুমি আমাদেরকে এ শহর থেকে বের করে নাও, এর অধিবাসীরা বড়ই অত্যাচারী। আর তুমি নিজের পক্ষ থেকে আমাদের জন্য কোন অভিভাবক নিযুক্ত কর এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য কোন সাহায্যকারী নিযুক্ত কর।**

[সূরা আন্ নিসা, ৪:৭৬]

## ১৬ নিজের অক্ষমতা ও অস্বীকারকারীদের বিষয়ে দায়িত্বমুক্ত হওয়ার দোয়া

رَبِّ اِنِّیۡ لَاۤ اَمۡلِکُ اِلَّا نَفۡسِیۡ وَاَخِیۡ
فَافۡرُقۡ بَیۡنَنَا وَبَیۡنَ الۡقَوۡمِ الۡفٰسِقِیۡنَ

[রাব্বি ইন্নী লা আমলিকু ইল্লা নাফছী ওয়া আখী ফাফরুক বাইনানা ওয়া বাইনাল কাওমিল ফাছিকীন।]

**হে আমাদের প্রভু-প্রতিপালক! আমি আমার নিজের ও আমার ভাই ছাড়া কারও ওপর কোন কতৃত্ব রাখিনা। সুতরাং তুমি আমাদের ও দুষ্কর্মপরায়ন লোকদের মাঝে পার্থক্য করে দাও।**

[সূরা আল্ মায়েদা, ৫:২৬]

## পবিত্র জামা'তে অন্তর্ভুক্ত হওয়ার দোয়া ১৭

رَبَّنَآ اٰمَنَّا فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ۔ وَمَا لَنَا لَا نُؤْمِنُ
بِاللّٰهِ وَمَا جَآءَنَا مِنَ الْحَقِّ ۙ وَنَطْمَعُ اَنْ يُّدْخِلَنَا رَبُّنَا مَعَ
الْقَوْمِ الصّٰلِحِيْنَ

[রাব্বানা আমান্না ফাকতুবনা মাআ'শ্ শাহেদীন। ওয়ামা লানা লা নু'মিনু বিল্লাহি ওয়ামা জাআনা মিনাল হাক্ক। ওয়ানাত্‌মাউ আইইয়ুদ্‌খিলানা রাব্বুনা মাআ'ল ক্বাওমিস্ সালেহীন।]

**হে আমাদের প্রভু! আমরা ঈমান এনেছি, সুতরাং তুমি আমাদেরকে সাক্ষীদাতাদের অন্তর্ভুক্ত কর। আর আমাদের কী হয়েছে যে আমরা আল্লাহ্ এবং যে সত্য আমাদের নিকট এসেছে তাতে ঈমান আনব না? আর আমাদের আকাঙ্ক্ষা হল, আমাদের প্রভু যেন আমাদেরকে পুণ্যবানদের অন্তর্ভুক্ত করে নেন।**

[সূরা আল্ মায়েদা, ৫:৮৪]

## ১৮ জীবনোপকরণ ও আনন্দ লাভের দোয়া

اللّٰهُمَّ رَبَّنَآ اَنْزِلْ عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ تَكُوْنُ لَنَا عِيْدًا لِّاَوَّلِنَا وَاٰخِرِنَا وَاٰيَةً مِّنْكَ ۚ وَارْزُقْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ

[আল্লাহুম্মা রাব্বানা আনযিল আলাইনা মাইদাতাম মিনাস্‌সামায়ে তাকুনুলানা ঈদাল্লি আউয়ালিনা ওয়া আখেরেনা ওয়া আয়াতাম্মীনকা। ওয়ারযুক্‌না ওয়া আনতা খায়রুর্‌ রাযেক্বীন।]

**হে আল্লাহ্! হে আমাদের প্রভু! ঊর্ধ্বোলোক থেকে আমাদের জন্য খাঞ্চাভর্তি খাদ্য অবতীর্ণ কর যেন তা আমাদের প্রথমাংশের জন্য এবং আমাদের শেষাংশের জন্য ঈদের কারণ হয়। আর (এ যেন) তোমার পক্ষ থেকে একটি নিদর্শন হয়। আর (হে প্রভু!) তুমি আমাদেরকে রিযিক দান কর। প্রকৃতপক্ষে তুমিই উত্তম রিযিকদাতা।**

[সূরা আল্ মায়েদা, ৫:১১৫]

# পাপের স্বীকারোক্তি ও আশিসপ্রাপ্তির দোয়া

১৯

رَبَّنَا ظَلَمْنَآ أَنفُسَنَا وَإِن لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخٰسِرِينَ

[রাব্বানা যালাম্‌না আনফুসানা ওয়াইল্লাম তাগফিরলানা ওয়াতারহাম্‌না লানাকুনান্না মিনাল খাসিরীন]

**হে আমাদের প্রভু! নিশ্চয় আমরা নিজেদের প্রতি অন্যায় করেছি। আর তুমি যদি আমাদেরকে ক্ষমা না কর ও আমাদের প্রতি করুণা না কর তাহলে নির্ঘাত আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাব।**

[সূরা আল্‌ আ’রাফ, ৭:২৪]

২০

## অত্যাচারী জাতির সহযোগী না হওয়ার দোয়া

رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ

[রাব্বানা লা তাজআলনা মাআল
ক্বওমিয যালিমীন]

**হে আমাদের প্রভু-প্রতিপালক ! তুমি আমাদের অত্যাচারী জাতির অন্তর্গত করো না।**

[সূরা আল্ আ'রাফ, ৭:৪৮]

## সত্য ও মিথ্যার মাঝে পার্থক্য করণের দোয়া

২১

رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا
بِالْحَقِّ وَاَنْتَ خَيْرُ الْفٰتِحِيْنَ

[রাব্বানাফ্তাহ্ বাইনানা ওয়া বাইনা
ক্বওমিনা বিল হাক্বী ওয়া আনতা
খাইরুল ফাতিহীন]

**হে আমাদের প্রভু-প্রতিপালক!**
**তুমি আমাদের এবং আমাদের জাতির মাঝে**
**যথাযথভাবে মীমাংসা করে দাও।**
**কেননা, তুমিই উত্তম মীমাংসাকারী।**

[সূরা আল্ আ'রাফ, ৭:৯০]

## ২২ ধৈর্য ও উত্তম পরিণাম লাভের দোয়া

رَبَّنَآ اَفۡرِغۡ عَلَيۡنَا صَبۡرًا وَّتَوَفَّنَا
مُسۡلِمِيۡنَ

[রাব্বানা আফরীগ আলাইনা সাবরাও ওয়া
তাওয়াফ্‌ফানা মুসলেমীন]

**হে আমাদের প্রভু!**
**তুমি আমাদের পর্যাপ্ত ধৈর্য দান কর এবং**
**আত্মসমর্পণকারী অবস্থায় মৃত্যু দান কর।**

[সূরা আল্ আ'রাফ, ৭:১২৭]

## পরম করুণাময়ের দরগায় ক্ষমা প্রার্থনা ২৩

رَبِّ اغْفِرْ لِيْ وَلِاَخِيْ وَاَدْخِلْنَا
فِيْ رَحْمَتِكَ ۖ وَاَنْتَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ

[রাব্বিগ ফিরলি ওয়ালি আখি ওয়া
আদখিলনা ফি রাহমাতিক।
ওয়া আনতা আরহামুর রাহিমীন]

**হে আমাদের প্রভু!**
**তুমি আমাকে ও আমার ভাইকে ক্ষমা কর।**
**আর আমাদের উভয়কে তোমার করুণার**
**অন্তর্ভুক্ত কর। কেননা, তুমিই**
**সর্বোত্তম করুণাময়।**

[সূরা আল্ আ'রাফ, ৭:১৫২]

## ২৪ অনর্থক প্রশ্নাবলী থেকে রক্ষার দোয়া

رَبِّ اِنِّیۡۤ اَعُوۡذُبِکَ اَنۡ اَسۡـَٔلَکَ مَا لَیۡسَ لِیۡ بِہٖ عِلۡمٌ ؕ
وَ اِلَّا تَغۡفِرۡلِیۡ وَ تَرۡحَمۡنِیۡۤ اَکُنۡ مِّنَ الۡخٰسِرِیۡنَ

[রাব্বি ইন্নী আউযু’বিকা আন আছআলাকা মা লাইছা লী বিহী ‘ইলমুওঁ ওয়া ইল্লা তাগফিরলী ওয়া তারহামনী আকুম মিনাল খাছিরীন ।]

**হে আমাদের প্রভু-প্রতিপালক! আমি তোমার কাছে এমন কিছু চাওয়া থেকে তোমার আশ্রয় চাই যে বিষয়ের (ভালমন্দ সম্বন্ধে) আমার কোন জ্ঞান নেই। আর তুমি যদি আমাকে ক্ষমা না কর ও আমার প্রতি করুণা না কর তাহলে নিশ্চয় আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাব।**

[সূরা হূদ, ১১:৪৮]

## শত্রুর অনিষ্ট থেকে রক্ষা পাওয়ার দোয়া (২৫)

رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝ وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكٰفِرِيْنَ

[রাব্বানা লা তাজআলনা ফিতনাতাল্লিল
ক্বওমিয যালিমীন। ওয়া নাজ্জিনা
বিরাহমাতিকা মিনাল ক্বওমিল কাফিরীন।]

**হে আমাদের প্রভু-প্রতিপালক!
তুমি অত্যাচারী জাতির জন্যে আমাদেরকে
পরীক্ষার কারণ বানিও না, বরং তুমি
নিজ করুণায় আমাদেরকে অস্বীকারকারী
জাতির (অত্যাচারী) হাত থেকে উদ্ধার কর।**

[সূরা ইউনুস, ১২:৮৬-৮৭]

২৬

## ক্ষমালাভের জন্য দোয়া

হযরত ইবরাহীম (আ.)-এর দোয়া

رَبَّنَا اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ
وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ

[রাব্বানাগ্‌ফিরলি ওয়ালি ওয়ালিদাইয়া
ওয়ালিল মু'মিনীনা ইয়াওমা ইয়াকুমুল হিসাব]

**হে আমাদের প্রভু!**
**'যেদিন হিসাবনিকাশ অনুষ্ঠিত হবে**
**সেদিন আমাকে, আমার পিতামাতাকে এবং**
**মু'মিনদেরকেও ক্ষমা করে দিও।'**

[সূরা ইব্‌রাহীম, ১৪:৪২]

# পিতামাতার জন্য দোয়া

২৭

হযরত ইবরাহীম (আ.)-এর দোয়া

رَّبِّ ارْحَمْهُمَا كَمَا
رَبَّيٰنِىْ صَغِيْرًا

[রাব্বির হাম্‌হুমা কামা রাব্বায়ানী সাগীরা]

**হে আমার প্রভু!**
**তুমি তাদের প্রতি সেভাবে দয়া কর**
**যেভাবে শৈশবে তারা আমায়**
**লালনপালন করেছিলেন।**

[সূরা বনী ইসরাঈল, ১৭:২৫]

## ২৮ সাহায্যকারী শক্তি লাভের জন্য দোয়া

رَّبِّ اَدْخِلْنِيْ مُدْخَلَ صِدْقٍ
وَّ اَخْرِجْنِيْ مُخْرَجَ صِدْقٍ وَّ اجْعَلْ
لِّيْ مِنْ لَّدُنْكَ سُلْطٰنًا نَّصِيْرًا

[রাব্বি আদ্‌খিলনী মুদ্‌খালা সিদক্বিউঁ ওয়া আখরিজ্‌নী মুখ্‌রাজা সিদক্বিউঁ ওয়াজ আল্লী মিল্লাদুনকা সুলতানান্‌ নাসিরা ।]

**হে আমার প্রভু! তুমি আমাকে যথাযথ ও সার্থকভাবে প্রবেশ করাও এবং আমাকে যথাযথ ও সার্থকভাবে নিষ্কৃতি দাও। আর তোমার পক্ষ থেকে আমার জন্য এক কার্যকর সহায়ক শক্তি দান কর।**

[সূরা বনী ইসরাঈল, ১৭:৮১]

## পথ-প্রদর্শনের জন্য দোয়া

২৯

‘আসহাবুল কাহফ’-এর দোয়া

رَبَّنَآ اٰتِنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً
وَّهَيِّئْ لَنَا مِنْ اَمْرِنَا رَشَدًا

[রাব্বানা আতিনা মিল্লাদুনকা রাহমাহ্
ওয়া হাইয়্যেলানা মিন আমরিনা রাশাদা]

**হে আমাদের প্রভু!**
**তোমার নিজ সন্নিধান থেকে আমাদেরকে এক বিশেষ কৃপা দান কর এবং আমাদের বিষয়ে আমাদেরকে সঠিক পথ দেখাও।**

[সূরা আল্ কাহ্ফ, ১৮:১১]

৩০

# সুবক্তা হবার দোয়া

হযরত মূসা (আ.)-এর দোয়া

قَالَ رَبِّ اشْرَحْ لِىْ صَدْرِىْ ۝ وَيَسِّرْ لِىٓ اَمْرِىْ ۝ وَاحْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِىْ ۝ يَفْقَهُوْا قَوْلِىْ ۝

[রাব্বিশরাহ্লী সাদরী ওয়া ইয়াস্সিরলী আমরী ওয়াহ্লুল উকদাতাম্ মিল্লিসানী ইয়াফ্কাহু কাওলী]

**হে আমার প্রভু!**
**আমার অন্তরকে আমার জন্য প্রশস্ত করে দাও। আর আমার দায়িত্বকে আমার জন্য সহজ করে দাও। আর আমার মুখের জড়তা দূর করে দাও যাতে তারা আমার কথা বুঝতে পারে।**

[সূরা তা-হা, ২০:২৬-২৯]

# জ্ঞানবৃদ্ধির জন্যে দোয়া

৩১

رَّبِّ زِدْنِى عِلْمًا

[রাব্বি যিদ্‌নী ইলমান]

**হে আমার প্রভু!**
**আমাকে জ্ঞানে সমৃদ্ধ কর।**

[সূরা তা-হা, ২০:১১৫]

৩২

## নিঃসন্তান না থাকার দোয়া

رَبِّ لَا تَذَرْنِىْ فَرْدًا وَّ اَنْتَ خَيْرُ الْوٰرِثِيْنَ

[রাব্বি লা তাযারনি ফারদাও
ওয়া আনতা খাইরুল ওয়ারিছীন]

**হে আমার প্রভু!**
**তুমি আমাকে একা ছেড়ে দিও না।**
**আর তুমিই সর্বশ্রেষ্ঠ উত্তরাধিকারী।**

[সূরা আল্ আম্বিয়া, ২১:৯০]

## সহায়তা ও সঠিক মীমাংসার দোয়া ৩৩

رَبِّ احْكُمْ بِالْحَقِّ ۗ وَرَبُّنَا الرَّحْمٰنُ
الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ

[রাব্বিহ্ কুম বিল হাক্বী। ওয়া রাব্বুনার
রাহমানুল মুস্তাআনু আলা মা তাসিফুন]

**হে আমার প্রভু-প্রতিপালক! তুমি সত্য-সঠিক মীমাংসা কর। পরম করুণাময় অযাচিত-অসীম দানকারী হলেন আমাদের প্রভু তোমাদের (মিথ্যা) বর্ণনার বিরুদ্ধে যাঁর সাহায্য চাওয়া হয়।**

[সূরা আল্ আম্বিয়া, ২১:১১৩]

## ৩৪ সত্য প্রত্যাখ্যানকারীদের ওপর বিজয় লাভের দোয়া

رَبِّ انْصُرْنِيْ بِمَا كَذَّبُوْنِ

[রাব্বিন্ সুরনী বিমা কায্যাবুন]

**হে আমার প্রভু-প্রতিপালক! তুমি আমাকে সাহায্য কর। কারণ তারা আমাকে মিথ্যাবাদী আখ্যা দিয়ে প্রত্যাখ্যান করেছে।**

[সূরা আল্ মু'মিনুন, ২৩:২৭]

## কল্যাণমণ্ডিত অবতরণের দোয়া ৩৫

رَّبِّ اَنۡزِلۡنِیۡ مُنۡزَلًا مُّبٰرَکًا وَّاَنۡتَ خَیۡرُ الۡمُنۡزِلِیۡنَ

[রাব্বি আনযিলনী মুনযালাম মুবারাকাও
ওয়া আনতা খাইরুল মুনযিলীন]

**হে আমার প্রভু! তুমি আমাকে এমন অবস্থায় অবতরণ করাও যেন আমার ওপর প্রচুর কল্যাণ বর্ষিত হতে থাকে। প্রকৃতপক্ষে তুমিই সর্বশ্রেষ্ঠ অবতরণকারী।**

[সূরা আল্ মু'মিনুন, ২৩:৩০]

## ৩৬ শাস্তি থেকে রক্ষা পাওয়ার দোয়া

رَّبِّ إِمَّا تُرِيَنِّي مَا يُوعَدُونَ ۝ رَبِّ فَلَا تَجْعَلْنِي فِي الْقَوْمِ الظَّٰلِمِينَ ۝

[রাব্বি ইম্মা তুরিয়ান্নী মা ইউয়াদিউন।
রাব্বি ফালা তাজআলনি ফিল কাওমিয যালিমীন।]

**হে আমার প্রভু-প্রতিপালক! তুমি (আমার জীবদ্দশায়) যদি আমাকে তা দেখিয়ে দিতে যার প্রতিশ্রুতি তাদের দেয়া হচ্ছে। হে আমার প্রভু-প্রতিপালক! তখন তুমি আমাকে অত্যাচারী জাতির অন্তর্ভুক্ত করো না।**

[সূরা আল্ মু'মিনুন, ২৩:৯৪-৯৫]

## শয়তানদের কু-প্ররোচনা থেকে আশ্রয় প্রার্থনা

৩৭

رَّبِّ اَعُوْذُبِكَ مِنْ هَمَزٰتِ الشَّيٰطِيْنِ ۝

وَاَعُوْذُ بِكَ رَبِّ اَنْ يَّحْضُرُوْنِ ۝

[রাব্বি আউযুবিকা মিন হামাযাতিশ্ শায়াতীন।
ওয়া আউযুবিকা রাব্বি আইয়াহ দুরুন।]

**হে আমার প্রভু-প্রতিপালক !
আমি শয়তানদের সব কু-প্ররোচনা থেকে তোমার আশ্রয় চাই। আর হে আমার প্রভু-প্রতিপালক! তারা আমার কাছে উপস্থিত হোক এটা থেকেও তোমার কাছে আশ্রয় চাচ্ছি।**

[সূরা আল্ মু'মিনুন, ২৩:৯৮-৯৯]

৩৮

## ক্ষমা প্রার্থনার দোয়া

رَبَّنَآ اٰمَنَّا فَاغۡفِرۡ لَنَا وَارۡحَمۡنَا وَاَنۡتَ خَيۡرُ الرّٰحِمِيۡنَ

[রাব্বানা আমান্না ফাগফিরলানা ওয়ারহামনা ওয়া আনতা খাইরুর রাহিমীন]

**হে আমার প্রভু-প্রতিপালক!**
**আমরা ঈমান এনেছি। অতএব তুমি আমাদেরকে ক্ষমা কর ও আমাদের প্রতি করুণা কর। প্রকৃতপক্ষে তুমিই সর্বোত্তম করুণাকারী।**

[সূরা আল্ মু'মিনুন, ২৩:১১০]

## দোযখের আযাব থেকে মুক্তি লাভের দোয়া

৩৯

رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ ۖ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا ۝ إِنَّهَا سَاءَتْ مُسْتَقَرًّا وَّ مُقَامًا ۝

রাব্বানাছরিফ আন্না আযাবা জাহান্নামা।
ইন্না আযাবাহা কানা গারামা।
ইন্নাহা সায়াত মুসতাকাররাও ওয়া মুকামা।]

**হে আমাদের প্রভু! তুমি আমাদের ওপর থেকে দোযখের আযাব (শাস্তি) অপসারিত করো। নিশ্চয় এর আযাব সর্বনাশা। এটি অস্থায়ী ঠিকানা হিসেবেও আর দীর্ঘস্থায়ী আবাসস্থল হিসেবেও অতি মন্দ।**

[সূরা আল্ ফুরকান, ২৫:৬৬-৬৭]

৪০

## উত্তম জীবনসঙ্গী ও সন্তান-সন্ততি লাভের দোয়া

رَبَّنَا هَبۡ لَنَا مِنۡ اَزۡوَاجِنَا وَذُرِّيّٰتِنَا
قُرَّةَ اَعۡيُنٍ وَّ اجۡعَلۡنَا لِلۡمُتَّقِيۡنَ اِمَامًا

[রাব্বানা হাবলানা মিন আয্ওয়াজিনা
ওয়া যুররিইয়াতিনা ক্বুর্‌রাতা আ'ইউনিওঁ
ওয়াজআলনা লিল মুত্তাক্বিনা ঈমামা]

**হে আমাদের প্রভু! তুমি আমাদেরকে
আমাদের জীবনসঙ্গীদের ও সন্তানসন্ততির মাঝে
আমাদের চোখের স্নিগ্ধতা দান কর।
আর আমাদেরকে মুত্তাকীগণের
(অর্থাৎ খোদাভীরুদের) ইমাম বানাও।**

[সূরা আল্ ফুরকান, ২৫:৭৫]

## অস্বীকারকারী জাতির উপর বিজয় লাভের দোয়া

৪১

رَبِّ اِنَّ قَوۡمِیۡ کَذَّبُوۡنِ ۝ فَافۡتَحۡ بَیۡنِیۡ وَبَیۡنَهُمۡ فَتۡحًا وَّنَجِّنِیۡ وَمَنۡ مَّعِیَ مِنَ الۡمُؤۡمِنِیۡنَ ۝

[রাব্বি ইন্নী কাওমী কায্‌যাবুন। ফাফ্‌তাহ্‌ বায়নী ওয়া বায়নাহুম ফাতহাওঁ ওয়া নাজ্জিনী ওয়ামাম্‌ মায়িয়া মিনাল মু'মিনীন।]

**হে আমাদের প্রভু-প্রতিপালক! নিশ্চয় আমার জাতি আমাকে মিথ্যাবাদী আখ্যায়িত করে প্রত্যাখান করেছে সুতরাং তুমি আমার ও তাদের মাঝে সুস্পষ্ট মীমাংসা কর। আর আমাকে ও আমার সাথী মুমিনদের (শত্রুর অনিষ্ট থেকে) উদ্ধার কর।**

(সূরা আশ্‌ শো'আরা, ২৬:১১৮-১১৯)

৪২

# বিরুদ্ধবাদীদের দুষ্কর্ম থেকে রক্ষার দোয়া

رَبِّ نَجِّنِىْ وَاَهْلِىْ مِمَّا يَعْمَلُوْنَ

[রাব্বি নাজ্জিনী ওয়া আহলি মিম্মা ইয়া'লামুন]

**হে আমার প্রভু-প্রতিপালক!**
**তুমি আমাকে ও আমার পরিবার-পরিজনকে**
**সেসব কার্যকলাপ যা তারা করছে**
**তা থেকে রক্ষা কর।**

[সূরা আস্ শো'আরা, ২৬:১৭০]

# কৃতজ্ঞতা প্রকাশের দোয়া ৪৩

হযরত সোলায়মান (আ.)-এর দোয়া

رَبِّ اَوْزِعْنِیْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِیْٓ
اَنْعَمْتَ عَلَیَّ وَعَلٰی وَالِدَیَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا
تَرْضٰىهُ وَ اَدْخِلْنِیْ بِرَحْمَتِكَ فِیْ عِبَادِكَ الصّٰلِحِیْنَ

[রাব্বি আওযি'নী আন আশকুরা নি'মাতাকাল্লাতী আন্‌আ'মতা আলাইয়া ওয়া আ'লা ওয়ালিদাইয়া ওয়া আন্‌আ'মালা সালিহান তার্‌যাহু ওয়া আদখিলনী বিরাহমাতিকা ফি ইবাদীকাস্‌ সালিহীন]

**হে আমার প্রভু! আমার ও আমার পিতামাতার প্রতি তুমি যেসব অনুগ্রহ করেছ সেগুলোর জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করার এবং তুমি সন্তুষ্ট হবে এমন সৎকাজ করার সামর্থ্য আমাকে দাও। আর তুমি নিজ কৃপায় আমাকে তোমার সৎকর্মশীল বান্দাদের অন্তর্ভুক্ত করে নাও।**

[সূরা আল আহকাফ, ৪৬:১৬]

(৪৪)

# অন্যায় স্বীকার করে ক্ষমা কামনা করে দোয়া

رَبِّ اِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ فَاغْفِرْلِيْ

[রাব্বি ইন্নি যালামতু নাফসী ফাগফিরলী]

**হে আমার প্রভু-প্রতিপালক! নিশ্চয় আমি আমার আত্মার ওপর যুলুম করেছি। সুতরাং তুমি আমাকে ক্ষমা কর।**

[সূরা আল্ কাসাস, ২৮:১৭]

# অপরাধীদের সহযোগী না হবার জন্যে দোয়া

৪৫

رَبِّ بِمَآ اَنۡعَمۡتَ عَلَیَّ فَلَنۡ اَکُوۡنَ ظَهِیۡرًا لِّلۡمُجۡرِمِیۡنَ

[রাব্বি বিমা আনআমতা আলাইয়া ফালান আকুনা যাহিরাল লিল মুজরিমীন]

**হে আমার প্রভু-প্রতিপালক!**
**যেহেতু আমার প্রতি অনুগ্রহ করেছ**
**তাই আমি ভবিষ্যতে কখনো**
**অন্যায়কারীগণের সাহায্য করবো না।**

[সূরা আল্ কাসাস, ২৮:১৮]

৪৬

# অত্যাচারী জাতির হাত থেকে রক্ষার দোয়া

رَبِّ نَجِّنِىْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ

[রাব্বি নাজ্জিনী মিনাল কাওমিয যালিমীন]

**হে আমার প্রভু-প্রতিপালক! তুমি আমাকে অত্যাচারী জাতি থেকে উদ্ধার কর।**

[সূরা আল্ কাসাস, ২৮:২২]

# যাবতীয় কল্যাণ লাভের জন্য দোয়া ৪৭

মূসা (আ.)-এর দোয়া

رَبِّ إِنِّي لِمَآ أَنزَلْتَ إِلَيَّ
مِنْ خَيْرٍ فَقِيرٌ

[রাব্বি ইন্নি লিমা আনযালতা ইলাইয়্যা
মিন খাইরিন ফাক্বীর]

**হে আমার প্রভু!**
**তোমার পক্ষ থেকে আমার কাছে প্রেরিত**
**যে কোন কল্যাণের জন্য আমি চিরভিখারী।**

[সূরা আল্ কাসাস, ২৮:২৫]

## ৪৮ বিশৃঙ্খলা সৃষ্টিকারী জাতির ওপর বিজয় লাভের দোয়া

رَبِّ انْصُرْنِىْ عَلَى الْقَوْمِ الْمُفْسِدِيْنَ

[রাব্বিন ছুরনী আলাল কাওমিল মুফসিদীন]

**হে আমার প্রভু-প্রতিপালক!**
**তুমি আমাকে এ বিপর্যয় সৃষ্টিকারী**
**জাতির বিরুদ্ধে সাহায্য কর।**

[সূরা আল্ ‘আনকাবূত, ২৯:৩১]

## সৎকর্মশীল উত্তরাধিকারীর জন্য দোয়া ৪৯

ইবরাহীম (আ.)-এর দোয়া

رَبِّ هَبْ لِى مِنَ الصّٰلِحِيْنَ

[রাব্বি হাব্‌লী মিনাস্‌সলিহীন]

**‘হে আমার প্রভু!**
**তুমি আমাকে সৎকর্মশীল উত্তরসূরী**
**দান কর।’**

[সূরা আস্‌ সাফ্‌ফাত, ৩৭:১০১]

## ৫০ সৎকর্মের মূল্যায়নের জন্য দোয়া

سُبۡحٰنَ رَبِّكَ رَبِّ الۡعِزَّةِ عَمَّا يَصِفُوۡنَ ۝

وَسَلٰمٌ عَلَى الۡمُرۡسَلِيۡنَ ۝

وَالۡحَمۡدُ لِلّٰهِ رَبِّ الۡعٰلَمِيۡنَ ۝

[সুবহানা রাব্বিকা রাব্বিল 'ইজ্জাতি 'আম্মা ইয়াসিফূন। ওয়া সালামুন আলাল মুরসালীন। আলহামদুলিল্লাহী রাব্বিল 'আলামিন।]

**তারা যা বর্ণনা করেছে সম্মান ও শক্তির অধিকারী তোমার প্রভু-প্রতিপালক এ থেকে পবিত্র। আর সব রসূলদের ওপর সদা শান্তি বর্ষিত হোক। আর সব প্রশংসা বিশ্ব-জগতের প্রভু-প্রতিপালক আল্লাহরই।**

(সূরা আস্ সাফ্ফাত, ৩৭:১৮১-১৮৩)

## আল্লাহর দরবারে মীমাংসার প্রার্থনা ৫১

اَللّٰهُمَّ فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ
عٰلِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ اَنْتَ تَحْكُمُ بَيْنَ
عِبَادِكَ فِيْ مَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ

[আল্লাহুম্মা ফাতিরাস সামাওয়াতি ওয়াল আরদ্বি 'আলিমাল গায়বি ওয়াশ্ শাহাদাতি আনতা তাহ্কুমু বাইনা 'ইবাদিকা ফী মা কানু ফীহি ইয়াখ তালিফুন।]

**হে আল্লাহ!**
**আকাশসমূহ ও পৃথিবীর আদি স্রষ্টা।**
**দৃশ্য ও অদৃশ্যের পরিজ্ঞাতা, তুমিই তোমার বান্দাদের মাঝে সেসব বিষয়ে মীমাংসা করবে যে সম্বন্ধে তারা মতভেদ করছে।**

(সূরা আয্ যুমার, ৩৯:৪৭)

## ৫২ বিদ্বেষ থেকে রক্ষা পাওয়া ও পুণ্যবানদের প্রতি ভালোবাসা সৃষ্টির দোয়া

رَبَّنَا اغْفِرْلَنَا وَلِاِخْوَانِنَا الَّذِيْنَ سَبَقُوْنَا بِالْاِيْمَانِ وَلَا تَجْعَلْ فِىْ قُلُوْبِنَا غِلًّا لِّلَّذِيْنَ اٰمَنُوْا رَبَّنَآ اِنَّكَ رَءُوْفٌ رَّحِيْمٌ

[রাব্বানাগ্‌ফিরলানা ওয়ালিইখ ওয়া নিনাল্লাযীনা সাবাক্বুনা বিল ঈমানি ওয়ালা তাজ্‌'আল ফী ক্বুলুবিনা গিল্লাল লিল্লাযীনা আ-মানু রাব্বানা ইন্নাকা রাউফুর রাহীম।]

**হে আমাদের প্রভু-প্রতিপালক! তুমি আমাদিগকে ও আমাদের সেসব ভাইকে ক্ষমা কর যারা ঈমানে আমাদের চেয়ে অগ্রগামী হয়েছে। আর যারা ঈমান এনেছে আমাদের অন্তরে তাদের প্রতি কোন বিদ্বেষ সৃষ্টি করো না। হে আমাদের প্রভু-প্রতিপালক! নিশ্চয় তুমি অতি স্নেহশীল, বার বার কৃপাকারী।**

(সূরা আল্ হাশ্‌র, ৫৯:১১)

## ঐশী কল্যাণের পূর্ণতার জন্যে দোয়া ৫৩

رَبَّنَآ اَتۡمِمۡ لَنَا نُوۡرَنَا وَاغۡفِرۡلَنَا ۚ اِنَّكَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ

[রাব্বানা আতমিম লানা নুরানা ওয়াগফিরলানা।
ইন্নাকা আলা কুল্লি শাইয়ীন ক্বাদীর।]

**হে আমাদের প্রভু-প্রতিপালক!**
**আমাদের জন্যে আমাদের জ্যোতিকে পূর্ণ কর।**
**আর আমাদের ক্ষমা কর। নিশ্চয় তুমি**
**সব কিছুর ওপর সর্বশক্তিমান।**

[সূরা আত্ তাহ্‌রীম, ৬৬:৯]

## ৫৪ ঐশী নৈকট্য লাভের আকাঙ্ক্ষা ও অত্যাচারীদের কবল থেকে উদ্ধারের দোয়া

رَبِّ ابْنِ لِي عِنْدَكَ
بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِي مِنْ فِرْعَوْنَ
وَعَمَلِهِ وَنَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّلِمِينَ

[রাব্বিব্নি লী 'ইনদাকা বাইতান ফিল জান্নাতি ওয়া নাজ্জিনী মিন ফিরআওনা ওয়া আমালিহী ওয়া নাজ্জিনী মিনাল কাওমিয যালিমীন।]

**হে আমার প্রভু-প্রতিপালক!**
**তুমি আমার জন্য তোমার সন্নিধানে জান্নাতে একটি গৃহ নির্মাণ কর এবং ফেরাউন ও তার কার্যকলাপ থেকে আমাকে উদ্ধার কর। আর আমাকে অত্যাচারী জাতি থেকে মুক্তি দাও।**

[সূরা আত্ তাহ্রীম, ৬৬:১২]

## করুণা ও ক্ষমাপ্রাপ্তির দোয়া

(৫৫)

لَئِنْ لَّمْ يَرْحَمْنَا رَبُّنَا
وَيَغْفِرْلَنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ

[লাইল্লাম্ ইয়ারহাম্না রাব্বুনা ওয়া ইয়াগ্ফির্লানা
লানাকুনান্না মিনাল খাসেরীন]

**আমাদের প্রভু আমাদের প্রতি করুণা না করলে
এবং আমাদের ক্ষমা না করলে
অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হব।**

[সূরা আল আ'রাফ, ৭:১৫০]

(৫৬)

## ইহকাল ও পরকালে কল্যাণ লাভের দোয়া

وَاكْتُبْ لَنَا فِيْ هٰذِهِ الدُّنْيَا حَسَنَةً وَّفِي
الْاٰخِرَةِ اِنَّا هُدْنَآ اِلَيْكَ

[ওয়াক্‌তুব্‌লানা ফী হাযেহিদ্দুন্‌ইয়া হাসানাতাওঁ ওয়াফিল্‌ আখিরাতে ইন্না হুদ্‌না ইলাইকা]

**আর তুমি আমাদের জন্যে এ দুনিয়াতে এবং পরকালেও কল্যাণ নির্ধারিত করে দাও। নিশ্চয় আমরা তোমার সমীপেই (অনুতাপের সাথে) সমর্পিত হয়েছি।**

[সূরা আল আ'রাফ, ৭:১৫৭]

## নৌকা বা বাহনে চড়ার দোয়া ৫৭

بِسۡمِ اللّٰهِ مَجۡرٖىهَا
وَمُرۡسٰىهَا ؕ اِنَّ رَبِّىۡ لَغَفُوۡرٌ رَّحِيۡمٌ

[বিসমিল্লাহে মাজরেহা ওয়া মুরসাহা
ইন্না রাব্বি লাগাফুরুর রাহীম]

**আল্লাহ্‌র নামেই এর গতি ও স্থিতি।
নিশ্চয় আমার প্রভু বড়ই ক্ষমাশীল,
বার বার কৃপাকারী।**

[সূরা হূদ, ১১:৪২]

## (৫৮) বিপন্ন অবস্থা থেকে মুক্তিলাভের দোয়া

হযরত ইয়াকুব (আ.)-এর দোয়া

# اِنَّمَآ اَشۡكُوۡا بَثِّيۡ وَحُزۡنِيۡٓ اِلَى اللّٰهِ

[ইন্নামা আশকু বাস্‌সি ওয়া হুয্‌নি ইলাল্লাহ্‌]

**'আমি আমার অসহায়ত্ব ও মনোবেদনা কেবল আল্লাহর কাছেই নিবেদন করি।'**

[সূরা ইউসুফ, ১২:৮৭]

## আত্মিক উৎকর্ষ অর্জনের জন্য দোয়া ৫৯

হযরত ইউসুফ (আ.)-এর দোয়া

فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ قف
اَنْتَ وَلِيّٖ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ج
تَوَفَّنِيْ مُسْلِمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ

[ফাতিরাস্‌সামাওয়াতি ওয়াল আর্‌দ্‌। আনতা ওয়ালিইয়ী ফিদ্দুনইয়া ওয়াল আখিরাহ্‌ তাওয়াফ্‌ফানি মুসলিমাওঁ ওয়া আলহিকনি বিস্‌সালেহিন]

**হে আকাশসমূহ ও পৃথিবীর একচ্ছত্র স্রষ্টা! ইহকাল ও পরকালে একমাত্র তুমিই আমার অভিভাবক! তুমি আমাকে আত্মসমর্পণকারীরূপে মৃত্যু দিও এবং আমাকে সৎকর্মশীলদের দলভুক্ত করে নিও।**

[সূরা ইউসুফ, ১২:১০২]

## ৬০ আল্লাহ্‌কে তাঁরই দোহাই দিয়ে দোয়া

হযরত যাকারিয়া (আ.)-এর দোয়া

وَلَمْ أَكُنْ بِدُعَآئِكَ رَبِّ شَقِيًّا

[ওয়ালাম আকুম্ বিদুয়াইকা রাব্বে শাক্বিইয়ান]

**আর আমি তোমার কাছে দোয়া করে কখনো বঞ্চিত হই নি।**

[সূরা মারইয়াম, ১৯:৫]

## ঐশী সাহায্যের জন্য দোয়া



হযরত আইউব (আ.)-এর দোয়া

اَنِّیْ مَسَّنِیَ الضُّرُّ
وَاَنْتَ اَرْحَمُ الرّٰحِمِیْنَ

[আন্‌নি মাস্‌সানিয়ায্‌যুর্‌রু ওয়া আন্‌তা আর্‌হামুর রাহেমীন]

**হে প্রভু! এক ভয়ানক যন্ত্রণা আমাকে কাতর করে ফেলেছে। আর তুমি কৃপাকারীদের মাঝে সর্বশ্রেষ্ঠ।**

[সূরা আল আম্বিয়া, ২১:৮৪]

৬২

## বিপদমুক্তির জন্য দোয়া

হযরত ইউনুস (আ.)-এর দোয়া

لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ سُبْحٰنَكَ ۖ
اِنِّيْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ

[লা ইলাহা ইল্লা আন্‌তা সুবহানাকা ইন্নি কুনতু মিনায্‌ যোয়ালেমীন]

**তুমি ছাড়া কোন উপাস্য নাই। তুমি পবিত্র। নিশ্চয় আমি ছিলাম যালেমদের একজন।**

[সূরা আল আম্বিয়া, ২১:৮৮]

## ঘুম থেকে জাগ্রত হওয়ার দোয়া ৬৩

হাদীসে বর্ণিত রসূলুল্লাহ্ (সা.)-এর দোয়া

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىٓ اَحْيَانَا بَعْدَ
مَآ اَمَاتَنَا وَاِلَيْهِ النُّشُوْرُ

[আলহামদু লিল্লাহিল্লাযী আহ্ইয়ানা বা'দা
মা আমাতানা ওয়া ইলাইহিন্ নুশূর]

**সব প্রশংসা সেই আল্লাহ্র যিনি আমাদের মৃত্যু দান করার পর পুনরায় জীবিত করেছেন এবং তাঁরই পানে সকলের পুনরুত্থান।**

[সহীহ্ বুখারী]

৬৪

## শৌচাগারে যাবার দোয়া

# اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ
# مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ

[আল্লাহুম্মা ইন্নি আউযুবিকা
মিনাল খুবসে ওয়াল খাবায়েস]

**হে আল্লাহ্!
আমি তোমার আশ্রয় প্রার্থনা করছি
সর্বপ্রকার দৈহিক ও আধ্যাত্মিক
কলুষতা থেকে।**

[বুখারী ও মুসলিম]

## শৌচাগার হতে বের হবার দোয়া ৬৫

بِسْمِ اللّٰهِ غُفْرَانَكَ ۔

[বিসমিল্লাহি গুফরানাকা]

**আল্লাহ্‌র নামে। (হে আল্লাহ্! আমি) তোমার কাছে ক্ষমা প্রার্থনা করছি।** [আবু দাউদ]

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْٓ اَذْهَبَ عَنِّى الْاَذٰى وَ عَافَانِيْ۔

[আলহামদু লিল্লাহিল্লাযি আযহাবা আন্নিল্ আযা ওয়া আ'ফানি]

**সব প্রশংসা সেই আল্লাহ্‌র যিনি আমার কষ্ট দূর করে দিয়েছেন এবং আমাকে সুস্থতা দান করেছেন।** [আবু দাউদ]

## ৬৬ আল্লাহ্‌র গুণকীর্তন ও ক্ষমা প্রার্থনা

سُبْحَانَكَ اللّٰهُمَّ وَبِحَمْدِكَ
أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ

[সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা
আশহাদু আল্লা ইলাহা ইল্লা আনতা
আসতাগ্‌ফিরুকা ওয়া আতুবু ইলায়কা]

**হে আমার আল্লাহ্‌! তুমি পবিত্র এবং নিজ প্রশংসাসহ বিরাজমান। আমি সাক্ষ্য দিচ্ছি, তুমি ছাড়া কোন উপাস্য নেই। আমি তোমার কাছে ক্ষমা চাই এবং তোমার দিকেই প্রত্যাবর্তন করছি।**

[সুনানে আবু দাউদ]

## লাইলাতুল কদরের দোয়া

৬৭

اَللّٰهُمَّ اِنَّكَ عَفُوٌّ تُحِبُّ
الْعَفْوَ فَاعْفُ عَنِّىْ -

[আল্লাহুম্মা ইন্নাকা 'আফুউ্উন তুহিব্বুল আফওয়া ফা'ফু আন্নি]

হে আমার আল্লাহ্! নিশ্চয় তুমিই মূর্তিমান ক্ষমা।
তুমি ক্ষমা করতে ভালবাস।
অতএব তুমি আমাকে ক্ষমা করে দাও।

[তিরমিযি]

## ৬৮ বজ্রপাত থেকে রক্ষা পাবার দোয়া

اَللّٰهُمَّ لَا تَقْتُلْنَا بِغَضَبِكَ وَلَا تُهْلِكْنَا بِعَذَابِكَ وَعَافِنَا قَبْلَ ذٰلِكَ

[আল্লাহুম্মা লা তাক্বতুলনা বিগাযাবিকা ওয়ালা তুহলিকনা বিআ'যাবিকা ওয়া আফিনা কাবলা যালিকা]

**হে আল্লাহ্! তুমি আমাদেরকে তোমার ক্রোধ দ্বারা হত্যা করো না আর তোমার আযাব দিয়ে ধ্বংস করো না বরং এর পূর্বে তুমি আমাদেরকে ক্ষমা করে দাও।**

[মুসনাদে আহমদ, তিরমিযি]

## নানাবিধ সমস্যা নিরসনের দোয়া

৬৯

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُبِكَ مِنْ جَهْدِ الْبَلَاءِ
وَدَرْكِ الشِّقَاءِ وَسُوْءِ الْقَضَاءِ وَشَمَاتَةِ الْاَعْدَاءِ

[আল্লাহুম্মা ইন্নি আউযুবিকা মিন জাহদিল বালায়ি
ওয়া দারকিশ্ শিকায়ি ওয়া সুয়িল কাযায়ি
ওয়া শামাতাতিল আ'দায়ি]

**হে আল্লাহ্! আমি তোমার আশ্রয় ভিক্ষা করছি–
বিপদে, দুর্বিষহ কষ্ট থেকে,
দুর্ভাগ্যের করাল গ্রাস থেকে,
তকদীরের অনিষ্ট থেকে এবং শত্রুর তীর্যক
উপহাস থেকে।**

[বুখারী]

## ৭০ শত্রুর অনিষ্ট থেকে রক্ষা পাবার দোয়া

اَللّٰهُمَّ اِنَّا نَجْعَلُكَ فِىْ نُحُوْرِهِمْ
وَنَعُوْذُبِكَ مِنْ شُرُوْرِهِمْ

[আল্লাহুম্মা ইন্না নাজআলুকা ফি নুহুরিহিম
ওয়া নাউযুবিকা মিন শুরুরিহিম]

**হে আল্লাহ্! (তাদের অন্তর্জ্বালার
অনিষ্ট থেকে রক্ষা পেতে) আমরা তোমাকে
তাদের অন্তরে ঢালরূপে স্থাপন করছি এবং
তাদের অনিষ্ট থেকে আমরা তোমারই
আশ্রয় প্রার্থনা করছি।**

[মুসনাদ আহমদ বিন হাম্বল ও আবু দাউদ শরীফ]

# ঘর হতে বের হওয়ার দোয়া

(৭১)

بِسْمِ اللّٰهِ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا
بِاللّٰهِ اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُبِكَ مِنْ اَنْ نَزِلَّ اَوْ نَضِلَّ،
اَوْ نَظْلِمَ اَوْ نُظْلَمَ ،اَوْ نَجْهَلَ اَوْ يُجْهَلَ عَلَيْنَا ـ

[বিসমিল্লাহি তাওয়াক্কালতু আলাল্লাহি লা হাওলা
ওয়া লা কুওয়াতা ইল্লাবিল্লাহ। আল্লাহুম্মা ইন্না না'য়ূযুবিকা
মিন আন্ নাযেল্লা আও নাযিল্লা আও নাযলিমা
আও নুযলামা আও নাজহালা আও ইয়ুজহালা আলাইনা।]

**আল্লাহ্ তা'লার নাম নিয়ে (বের হচ্ছি)। আমি আল্লাহ্ তা'লার ওপর ভরসা করছি। আল্লাহ্ তা'লার দেয়া তৌফিক ছাড়া পাপ থেকে বাঁচার এবং পুণ্য কাজ সম্পাদন করার শক্তি নেই। হে আল্লাহ্! আমরা তোমার আশ্রয় প্রার্থনা করি যেন আমরা হোঁচট না খাই কিংবা পথভ্রষ্ট না হই, অথবা আমরা যেন অত্যাচার না করি বা আমাদের প্রতিও যেন অত্যাচার না করা হয়, অথবা আমরা যেন মুর্খতা না করি বা কেউ যেন আমাদের সাথে মূর্খতা না করে।**

[আবু দাউদ ও তিরমিযি]

৭২

## ঘরে প্রবেশ করার দোয়া

اَللّٰهُمَّ اِنِّىْٓ اَسْئَلُكَ خَيْرَ الْمَوْلِجِ وَخَيْرَ الْمَخْرَجِ بِسْمِ اللّٰهِ وَلَجْنَا وَعَلَى اللّٰهِ رَبِّنَا تَوَكَّلْنَا

[আল্লাহুম্মা ইন্নি আস্‌আলুকা খায়রাল মাওলিজি ওয়া খায়রাল মাখরাজি বিসমিল্লাহি ওয়া লাজ্‌না ওয়া আলাল্লাহি রাব্বানা তাওয়াক্‌কাল্‌না]

**হে আল্লাহ্! নিশ্চয়ই আমি তোমার নিকট গৃহে প্রবেশকালীন এবং বহির্গমনকালীন মঙ্গল কামনা করছি। আল্লাহ্ তা'লার নাম নিয়ে আমরা (গৃহে) প্রবেশ করছি এবং আমরা আমাদের প্রভু আল্লাহর প্রতি ভরসা করছি।**

[আবু দাউদ]

## খাবার শুরু করার দোয়া

بِسْمِ اللّٰهِ وَعَلٰى بَرَكَةِ اللّٰهِ -

[বিসমিল্লাহি ওয়া আলা বারাকাতিল্লাহ্]

**আল্লাহ্‌র নাম নিয়ে এবং আল্লাহ্‌র কাছে বরকত কামনা করে (আরম্ভ করছি)।**

[আল মুসতাদরেক আলা সহীহ্‌হাইন]

## খাবার শেষের দোয়া

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْٓ اَطْعَمَنَا وَ سَقَانَا وَجَعَلَنَا مِنَ الْمُسْلِمِيْنَ

[আলহামদু লিল্লাহিল্লাযি আত্ব’আমানা ওয়া সাকানা ওয়া জা’আলানা মিনাল মুসলিমীন]

**সব প্রশংসা সেই আল্লাহ্’র- যিনি আমাদেরকে খাইয়েছেন, পান করিয়েছেন এবং আমাদের মুসলমান বানিয়েছেন।**

[আবু দাউদ ও মিশকাত]

৭৪

## দাওয়াত খাবার পর দোয়া

اَللّٰهُمَّ بَارِكْ لَهُمْ فِيْمَا رَزَقْتَهُمْ وَاغْفِرْ لَهُمْ وَارْحَمْهُمْ

[আল্লাহুম্মা বারিক লাহুম ফিমা রাযাকতাহুম ওয়াগফির লাহুম্ ওয়ার হাম্হুম্]

**হে আল্লাহ্! তাদেরকে তুমি যে রিযক দান করেছ তাতে বরকত দান কর এবং তাদেরকে ক্ষমা করে দাও এবং তাদের প্রতি কৃপা কর।**

[সহীহ্ মুসলিম]

## ঐশী সাহায্যের দোয়া

৭৫

মসীহ্ মওউদ (আ.)-এর দোয়া

رَبِّ اِنِّیْ مَغْلُوْبٌ فَانْتَصِرْ

[রাব্বি ইন্নি মাগলুবুন ফানতাসির]

**হে আমার প্রভু! নিশ্চয় আমি (বাহ্যত) পরাস্ত, তাই তুমি (আমার শত্রুর কাছ থেকে) প্রতিশোধ গ্রহণ কর।** [তাযকেরা, পৃ. ৭১৪]

رَبِّ اِنِّیْ مَظْلُوْمٌ فَانْتَصِرْ

(রাব্বি ইন্নি মাযলুমুন ফানতাসির)

**হে আমার প্রভু! নিশ্চয় আমি অত্যাচারিত, তাই তুমি প্রতিশোধ গ্রহণ কর।**

[তাযকেরা, পৃ. ৪৮৩]

৭৬

## জ্ঞান বৃদ্ধির জন্য দোয়া

رَبِّ عَلِّمْنِىْ مَا هُوَ خَيْرٌ عِنْدَكَ

[রাব্বি আল্লিমনি মাহুয়া খায়রুন ইনদাকা]

**হে আমার প্রভু! আমাকে সেসব বিষয় শিক্ষা দাও– যা তোমার দৃষ্টিতে উত্তম।** [তাযকেরা, পৃ. ৬৫৩]

رَبِّ اَرِنِىْ اَنْوَارَكَ الْكُلِّيَّةَ

[রাব্বি আরিনি আনওয়ারাকাল কুল্লিয়্যাতা]

**হে আমার প্রভু! আমাকে তোমার জ্যোতির পরিপূর্ণ ঝলক দেখাও।** [তাযকেরা, পৃ. ৬১৬]

رَبِّ اَرِنِىْ حَقَائِقَ الْاَشْيَاءِ

(রাব্বি আরিনি হাকায়িকাল আশিয়া)

**হে আমার প্রভু! আমাকে প্রত্যেক বস্তুর মূল তত্ত্ব সম্পর্কে জ্ঞান দাও।** [তাযকেরা, পৃ. ৭২১]

# পূর্ণ রোগ মুক্তির জন্য দোয়া ৭৭

بِسْمِ اللّٰهِ الْكَافِىْ ـ بِسْمِ اللّٰهِ الشَّافِىْ بِسْمِ اللّٰهِ الْغَفُوْرِ الرَّحِيْمِ ـ
بِسْمِ اللّٰهِ الْبَرِّ الْكَرِيْمِ ـ يَا حَفِيْظُ يَا عَزِيْزُ يَا رَفِيْقُ يَا وَلِيُّ اِشْفِنِىْ ـ

[বিসমিল্লাহিল কাফি। বিসমিল্লাহিশ শাফি। বিসমিল্লাহিল গাফুরির রাহিম। বিসমিল্লাহিল বাররিল কারিম। ইয়া হাফিযু ইয়া আযিযু ইয়া রাফিকু ইয়া ওয়ালিয়্যু ইশ্‌ফিনি]

**সেই আল্লাহ্ তা'লার নামে, যিনি যথেষ্ট। সেই আল্লাহ্‌র নামে, যিনি আরোগ্যদাতা। সেই আল্লাহ্‌র নামে, যিনি অতীব ক্ষমাশীল ও পরম দয়ালু। সেই আল্লাহর নামে, যিনি মহানুভব এবং অনুগ্রহশীল। হে সুরক্ষাকারী! হে পরাক্রমশালী! হে বন্ধু! হে অভিভাবক! আমাকে আরোগ্য দাও।**

[তাযকেরা, পৃ. ৫২৪]

৭৮

## নামাযের সিজদার দোয়া

يَا مَنْ هُوَ اَحَبُّ مِنْ كُلِّ مَحْبُوْبٍ اِغْفِرْلِىْ
وَتُبْ عَلَىَّ وَادْخِلْنِىْ فِىْ عِبَادِكَ الْمُخْلِصِيْنَ ـ

[ইয়া মান হুয়া আহাব্বু মিন কুল্লি মাহবুবিন
ইগ্‌ফিরলি ওয়াতুব্ আলাইয়্যা
ওয়া আদখিল্‌নি ফি ইবাদিকাল্ মুখ্‌লিসিন ।]

**হে সকল প্রেমাস্পদের চেয়ে অধিক প্রিয় (খোদা)! আমাকে ক্ষমা কর। আমার প্রতি কৃপা বর্ষণ কর এবং আমাকে তোমার ন্যায়নিষ্ঠ বান্দাদের অন্তর্ভুক্ত করে নাও।**

[ফেব্রুয়ারি ১৮৮৮ সনে চৌধুরী রুস্তম আলী সাহেবের কাছে লিখিত পত্র হতে উদ্ধৃত]

## সত্য ও মিথ্যার মাঝে মীমাংসার দোয়া ৭৯

رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا

بِالْحَقِّ وَأَنْتَ خَيْرُ الْفَاتِحِيْنَ ـ

[রাব্বানাফতাহ্ বাইনানা ওয়া বাইনা কাওমিনা বিল হাক্কি ওয়া আনতা খায়রুল ফাতিহিন]

**হে আমার প্রভু! আমাদের এবং আমাদের জাতির মাঝে মীমাংসা করে দাও এবং তুমি সব মীমাংসাকারীদের মাঝে শ্রেষ্ঠ।**

[তাযকেরা, পৃ. ৪৭]

رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَهُمْ

[রাব্বানাফতাহ্ বাইনানা ওয়া বাইনাহুম]

**হে আমার প্রভু! আমাদের এবং তাদের (আমাদের শত্রুদের) মাঝে মীমাংসা করে দাও।**

[তাযকেরা, পৃ. ৬৯৬]

৮০

## নিরাপত্তা বিধানে ও ঐশী সাহায্য লাভের দোয়া

رَبِّ كُلُّ شَيْءٍ خَادِمُكَ رَبِّ
فَاحْفَظْنِيْ وَانْصُرْنِيْ وَارْحَمْنِيْ

[রাব্বি কুল্লু শাইয়িন খাদিমুকা রাব্বী ফাহ্‌ফায্‌নী ওয়ান্‌সুরনী ওয়ার্‌হামনী]

**হে আল্লাহ্! সবকিছুই তোমার সেবায় নিয়োজিত। অতএব, হে আমার প্রভু! তুমি আমার নিরাপত্তা বিধান কর আর আমাকে সাহায্য কর এবং আমার প্রতি দয়া কর।**

[তাযকেরা]

حَتّٰۤى اِذَا بَلَغَ اَشُدَّهٗ وَبَلَغَ اَرْبَعِيْنَ سَنَةً ۙ
قَالَ رَبِّ اَوْزِعْنِيْۤ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْۤ
اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا
تَرْضٰىهُ وَاَصْلِحْ لِيْ فِيْ ذُرِّيَّتِيْ ۚ
اِنِّيْ تُبْتُ اِلَيْكَ وَاِنِّيْ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿١٦﴾

[হাত্তা ইযা বালাগা আশুদ্দাহু ওয়া বালাগা আরবায়ীনা সানাতান। ক্বালা রাব্বি আওযি'নী আন আশকুরা নি'মাতাকাল্লাতী আন'আমতা আলাইয়্যা ওয়া 'আলা ওয়ালিদাইয়্যা ওয়া আন 'আমালা সলীহান তারদ্যহু ওয়া আসলিহ্ লী ফী যুররীয়াতি। ইন্নি তুবতু ইলাইকা ওয়া ইন্নি মিনাল মুসলেমিন।]

অবশেষে সে যখন তার পরিপক্ক বয়সে পৌঁছে এবং চল্লিশ বছর বয়সে উপনীত হয় তখন সে বলে, 'হে আমার প্রভু-প্রতিপালক! তুমি আমার ও আমার মাতাপিতার প্রতি যে অনুগ্রহ করেছো এর কৃতজ্ঞতা জ্ঞাপন করার সামর্থ্য আমাকে দাও এবং আমাকে এরূপ সৎকাজ (করারও সামর্থ্য দাও) যাতে তুমি সন্তুষ্ট হও। আর আমার জন্য আমার সন্তান-সন্ততিকে সৎকর্মপরায়ণ কর। নিশ্চয় আমি তোমার দিকেই বিনত হই। আর নিঃসন্দেহে আমি আত্মসমর্পণকারীদের একজন।'

(সূরা আল আহকাফ : ১৬ আয়াতাংশ)

# O My Lord Allah!

**[Some Important Doa Seeking Forgivenss & Blessing of Almighty Allah]**

1st Published: September 2021
3rd Edition: November 2022

Published by:
**Majlish Ansarullah, Bangladesh**
(Association of Elderly Men of Ahmadiyya Muslim Jama'at, Est. 1940)
4, Bakshi Bazar Road, Dhaka-1211

Printed by: Bud-O-Leaves, Motijheel, Dhaka-1000

ISBN 978-984-995-004-2
9 7 8 9 8 4 9 9 5 0 0 4 2